

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৭৬

কৈলাসহর, ২৪, জানুয়ারি, ২০২৪

রাজ্য আরও লাখপতি দিদি তৈরী করার জন্য সরকার উদ্যোগ নিয়েছে : সমাজ কল্যাণ মন্ত্রী

কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের বিষয়ে সমাজের অন্তিম পর্যায়ের যে সকল ব্যক্তি অবগত নন তাদের সচেতন করার জন্য ও জনমুখি প্রকল্পের সুবিধা পৌছে দিতে বিকশিত ভারত সংকল্প যাত্রার ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সূচনা করা হয়েছে। সম্প্রতি রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠানের মাঠে দু'দিনব্যাপী উনকোটি জেলাভিত্তিক বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের উদ্বোধন করে এই কথা বলেন সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী বলেছেন দেশের কৃষক, গরিব, যুবক ও মহিলাদের উন্নয়নকে সর্বাধিক প্রাথান্য দিতে হবে। দেশের মহিলা সমাজের আর্থিক বিকাশে স্ব-সহায়ক দলের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। রাজ্য আরও বেশী লাখপতি দিদি তৈরী করার লক্ষ্যে সরকার উদ্যোগ নিয়েছে। বিভিন্ন রাজ্যের পিছিয়ে পড়া জনজাতি সম্প্রদায়ের উন্নয়নে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মৎস্য মন্ত্রী সুধাংশু দাস বলেন, ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি শক্তিশালী রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রচেষ্টা নিয়েছেন। রাজ্য সরকার কৃষকদের আয় দ্বিগুণ করতে প্রতি কুইন্টাল ধান ২১৮৩ টাকা দরে ক্রয় করছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায় প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন উনকোটি জেলার জেলা জেলাশাসক রাজীব দত্ত। সভাপতিত্ব করেন উনকোটি জিলা পরিষদের সহকারি সভাধিপতি শ্যামল দাস। অনুষ্ঠানে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর, মৎস্য দপ্তর, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর, স্বাস্থ্য দপ্তর থেকে সুবিধাভোগীদের মধ্যে বিভিন্ন সুবিধা প্রদান করা হয়।
